দৈনিক বাংলা



তারিখ ৬-১-৮৬
পৃষ্ঠা... কলাম...

# কাল থেকে প্রকৌশলী শিক্ষকদের ধর্মঘট

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশ প্রকৌশল মহাবিদ্যালয় সমূহের প্রকৌশলী শিক্ষকবৃন্দ তাদের ১২ দফা দাবীর ভিত্তিতে আগামীকাল সোমবার থেকে অনির্দিষ্টকালের জন্য পূর্ণ কর্মবিরতি পালনের সিদ্ধান্ত নিয়েছেন।

গতকাল সকালে জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বাংলাদেশ প্রকৌশল মহাবিদ্যালয় প্রকৌশলী শিক্ষক সমিতির

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ধর্মঘট

(প্রথম পৃঃ পর)

সভাপতি জনাব আবদুল মান্নান সমিতির সিদ্ধান্তের কথা ঘোষণা করেন। দেশের ৪টি প্রকৌশল মহাবিদ্যালয়ের সমস্যা সম্পর্কে আলোচনা প্রসঙ্গে তিনি সমিতির ১২ দফা দাবী ব্যাখ্যা করেন।

তিনি বলেন দেশের ৪টি প্রকৌশল মহাবিদ্যালয়ের জন্য সরকার অনুমোদিত ১৮৭ জন শিক্ষকের প্রয়োজন। অথচ বর্তমানে সেখানে শিক্ষক রয়েছেন মাত্র ৬৫ জন। প্রতি শিক্ষককে সপ্তাহে গড়ে ২৯টি ক্লাস নিতে হয়। তিনি বলেন শুধুমাত্র শিক্ষক সংকটের জন্য গত বছর রাজশাহী চট্টগ্রাম ও খুলনা প্রকৌশল মহাবিদ্যালয়ে নতুন ছাত্র ভর্তি হয়নি। এ বছরও ভর্তি না হওয়ার আশংকা রয়েছে। অথচ এই অবস্থাকে জিইয়ে রেখেই সরকার আবার কুমিল্লা পটুয়াখালী ও দিনাজপুরে তিনটি নতুন প্রকৌশল মহাবিদ্যালয় খোলার পরিকল্পনা গ্রহণ করেছেন।

তিনি বলেন প্রকৌশলী শিক্ষকদের সামগ্রিক অবমূল্যায়ন, নতুন অসংগতপূর্ণ নিয়োগ বিধি, শিক্ষকদের উচ্চ শিক্ষার সুযোগের অভাব এবং সামগ্রিক সুষ্ঠু পরিকল্পনার অভাবই প্রকৌশল মহাবিদ্যালয়গুলোর সুষ্ঠু পরিবেশ বিঘ্নিত করেছে। তিনি বলেন নতুন বেতন কাঠামো ও সুবিধাদি প্রকৌশলীদের শিক্ষকতার পেশা গ্রহণে উৎসাহিত করতে পারেনি। এ কারণেই গত এক বছরে শুধুমাত্র রাজশাহী প্রকৌশল মহাবিদ্যালয়ে ১৯ জন প্রভাষকের নিয়োগদান করা হলেও মাত্র ৮ জন কাজে যোগ দিয়েছিলেন এবং পরে এই ৮ জনের মধ্যেও ৪ জন পদত্যাগ করে অন্যত্র চলে যান।